কালের কণ্ঠ
তারিখ 13 DEC 2017
পৃষ্ঠা ২ কলাম ১

# জবি শিক্ষক সমিতির নির্বাচন হচ্ছে আজ

জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে আজ বুধবার। আওয়ামীপন্থী শিক্ষকদের দুটি প্যানেল নির্বাচনে অংশ নিলেও এবার বিএনপি-জামায়াতপন্থী সাদা দল প্রার্থী দেয়নি।

সংশ্লিষ্টরা জানান, বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটরিয়ামে সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ২টা ৩০ মিনিট পর্যন্ত ভোটগ্রহণ চলবে। এ বছর ৬২৪ জন ভোটার রয়েছেন। প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করবেন মার্কেটিং বিভাগের সহযোগী অধ্যাপক মো. জহির উদ্দিন আরিফ। নির্বাচনে সভাপতি প্রার্থী রয়েছেন পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক দীপিকা রাণী সরকার ও ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. এ কে এম মনিরুজ্জামান। সাধারণ সম্পাদক পদে প্রাণিবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল বাকী ও গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. রেজাউল করিম প্রার্থী হয়েছেন।